| | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>প্রধান কার্যালয়<br>৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা<br>ঢাকা-১০০০।<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রন বিভাগ | ফোনঃ ৯৫৫০৫০৫<br>পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫<br>৯৫৬০০৩১-৩৫/২২৯<br>email:dgmicd@krishibank.org.bd |
|---|---|---|


প্রকাঃঅনিবি-৪৮/২০১৮-২০১৯/ ৭৫(২৫) তারিখ :১৮-০৭-২০১৮

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
নারায়নগঞ্জ/ নরসিংদী/ মুন্সিগঞ্জ/ মানিকগঞ্জ/ টাংগাইল(দক্ষিন)/ ময়মনসিংহ(দক্ষিন)
জামালপুর/ কিশোরগঞ্জ/ পটিয়া/ কুমিল্লা/ বি-বাড়িয়া/ সুনামগঞ্জ/ খুলনা
ভোলা/ পিরোজপুর/ বরগুনা/ ঝালকাঠি/ রাজবাড়ী/ মাগুরা।

বিষয়ঃ ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্ট(ডিসিএফসিএল) এর সঠিকতা যাচাই প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্নিত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রকা:অনিবি-৪৮/২০১৭-২০১৮/৬০২(৬৬)তারিখ ১৩-১২-২০১৭, পত্র নং ৭২৮(২৬) তারিখ ০৩-০১-২০১৮,পত্র নং৭৫০(১০)তারিখ ০৯-০১-২০১৮ প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও পরিপালন ম্যানুয়েলের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক আপারেশনস্ রিপোর্ট গুলি শাখা হতে অঞ্চলে প্রেরণ করা হয়। অঞ্চল তার অঞ্চলাধীন শাখা সমুহের ত্রৈমাসিক আপারেশনস্ রিপোর্টগুলি একত্রে অত্র বিভাগে প্রেরন করে থাকে। পরবর্তীতে অত্র বিভাগ কর্তৃক ত্রৈমাসিক আপারেশনস রিপোর্টগুলি পরীক্ষা মুলক যাচাইয়ের জন্য জেলা প্রধান শাখা ও এডি শাখার প্রতিবেদন বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে এবং অন্যান্য শাখা গুলির প্রতিবেদন আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও উপরে উল্লেখিত নিরীক্ষা কার্যালয় গুলি হতে যাচাইকৃত প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণ করা হয় না। ফলে এক ত্রৈমাসিকে তা নিয়মিত করা না গেলে বিষয়গুলি অনিস্পন্ন থেকে যায় এবং এতেকরে কাজের দীর্ঘসুত্রিতা তৈরী হয়।

০৩। বিগত ১৮-০৪-২০১৮তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও পরিপালনের ০৫-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৭ তম যৌথ সভার সিদ্ধান্ত অত্র বিভাগের পত্র নং ১০৪৮(৬৮)এর মাধ্যমে অবহিত করার পরও আপনার নিরীক্ষা অঞ্চলাধীন শাখা সমুহের যাচাইকৃত ত্রৈমাসিক আপারেশনস রিপোর্টগুলি অত্র বিভাগে প্রেরণ করা হয় নাই।যা অত্যন্ত দুঃখজনক ও অনাকাংখিত বটে।

০৪। এমতাবস্থায়, উল্লেখিত নিরীক্ষা অঞ্চলাধীন শাখার যাচাইকৃত ত্রৈমাসিক আপারেশনস রিপোর্টগুলি অভ্যন্তরীণ নিয়ন্ত্রন বিভাগে প্রেরণ না করায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না তার কারণ আগামী ২৬-০৭-২০১৮ তারিখের মধ্যে ব্যাখ্যা করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত
16.07.2018
(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীন নিয়ন্ত্রন মহাবিভাগ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,আপনার বিভাগাধীন সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদেরকে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩। উপ মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২, বিকেবি, প্র/কা, ঢাকা।
৪। উপ-মহা-ব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৫। নথি/মহানথি।

২৬/৭/২০১৮
(লুৎফুন নাহার নাজি)
উপমহাব্যবস্থাপক